'কৃষিই সমৃদ্ধি'

Government of the People's Republic of Bangladesh
Project Implementation Unit (PIU)
National Agricultural Technology Programe- Phase II Project (NATP-2)
Department of Agricultural Extension (DAE)
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II
প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ১২.০১.০০০০.০০০.৩৫.০৬৪.১৭- ৭৮০ (৬৪৫)

তারিখঃ ১০-১০-২০১৭খ্রি.

প্রাপক,
উপজেলা কৃষি অফিসার
-------------------------------।

বিষয়ঃ সংশোধিত সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড ব্যবহারের মাধ্যমে সিআইজি মনিটরিং প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচেছ যে, পিআইইউ-এনএটিপি২- ডিএই এর অন্যতম উদ্দেশ্য হচ্ছে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি, কৃষকের আয় বৃদ্ধি ও বাজার সংযোগ সৃষ্টি করা। এ প্রকল্পের কর্মকান্ড পরিচালনার অন্যতম ভিত্তি হলো কৃষক দল (CIG) গঠনের মাধ্যমে চাহিদা ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন। সে লক্ষ্য অর্জনে আপনার উপজেলায় যে সমস্ত সিআইজি দল গঠন করা হয়েছে সেগুলো ক্রিয়াশীল কি না তা নিয়মিত মনিটরিং করা প্রয়োজন। এ লক্ষ্যে, সিআইজি গুলো গতিশীল কি না তা মনিটরিং করার জন্য একটি সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড প্রণয়ন করা হয়েছিল এবং মনিটরিং করার নিমিত্ত তা ব্যবহারের জন্য ইতোমধ্যে প্রেরণ করা হয়েছিল। সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড এবং সংশ্লিষ্ট ছক পত্র গুলোতে সংশোধন করায় সংশোধিত ছকসমূহ এতদ্ সংগে প্রেরণ করা হলো।

বাংলায় রূপান্তরিত সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড (সংযুক্তি-১) ব্যবহার করে আপনার উপজেলার সিআইজিসমূহকে গাইডলাইন (সংযুক্তি-২) মোতাবেক মনিটরিং পূর্বক ছক অনুযায়ী (সংযুক্তি-৪) প্রতিবেদন আগামী ০৯/১১/২০১৭খ্রি. তারিখের মধ্যে এবং পরবর্তীতে প্রতি জানুয়ারী মাসের ১৫ তারিখ ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যেনিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল ।

সংযুক্তিঃ
১। সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড ছক (সংযুক্তি-১)।
২। সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড ব্যবহার গাইডলাইন(সংযুক্তি-২)।
৩। সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড এর ফলাফল টেবুলেশন ছকপত্র(সংযুক্তি-৩)।
৪। উপজেলাভূক্ত সিআইজি সমূহের পারদর্শীতার প্রতিবেদন ছকপত্র (সংযুক্তি-৪)।

(স্বাক্ষরিত) ১০/১০/১৭
(ড. রতন চন্দ্র দে)
পরিচালক

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৯. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১০. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..................................অঞ্চল(১৪)।
১১. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..........................(৫৭)। (দৃষ্টি আকর্ষণ অতিরিক্ত উপ পরিচালক- শস্য)
১২. অফিস কপি।

ব্যালেন্সড স্কোর কার্ড

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)

**সিআইজির পারফর্মেন্স মূল্যায়নের জন্য ব্যালেন্স স্কোর কার্ড**

সিআইজির তথ্যঃ

i. সিআইজির নাম ----------------------------
iii গঠনের সন -------------
ii. সিআইজির ধরন: শস্য
iv. গ্রাম: -------------
v. ইউনিয়ন: ---------------------------
vi. উপজেলা : -------------
vii. জেলা: -------------
viii. কোড নং: -------------

সিআইজির পারদর্শীতার সূচক (২০ সদস্য বিশিষ্ট সিআইজির জন্য)

| ক্রমিক নং | পারদর্শিতার সূচক | গ্রেড এবং গ্রেডের একক তুল্যমান (unit weight) (ক) | | | | সূচকের একক তুল্যমান (Unit weight of the indicator) (খ) | প্রাপ্ত নম্বর কXখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | মন্দ | মধ্যম | ভাল | খুব ভাল | | |
| | | ১ | ২ | ৩ | ৪ | | |
| i | সিআইজির বর্তমান সদস্য সংখ্যা | ১০ জন পর্যন্ত | ১১-১২ | ১৩-১৪ | ১৫-২০ | ৫ | যেমনঃ ১১-১২ জন হলে ২ গুণ ৫= ১০ হবে |
| ii | নীতিমালা অনুসরন করে সিআইজি সদস্য নির্বাচন করা হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৫ | যেমনঃ হ্যা হলে ৪ গুণ ৫= ২০ হবে |
| iii | গত এক বছরে অনুষ্ঠিত সিআইজি সভার সংখ্যা | ৪টি পর্যন্ত | ৫-৬ | ৭-৯ | ১০ এবং এর উপরে | ৫ | যেমনঃ ৭-৯ হলে ৩ গুণ ৫= ১৫ হবে |
| iv | গত ৬ টি সভায় সিআইজি সদস্যদের গড় উপস্থিতি | ৫ জন পর্যন্ত | ৬-৭ | ৮-৯ | ১০ এবং এর উপরে | ৮ | যেমনঃ ৮-৯ হলে ৩ গুণ ৮= ২৪ হবে |
| v | রেজিস্টারে সভার কার্য বিবরনির রেকর্ড সংরক্ষণ হয় কি না | না | হাল নাগাদ নয় | হালনাগাদ | হাল নাগাদ এবং সঠিক | ৭ | |
| vi | সিআইজির দলিয় সঞ্চয় আছে কি না | না | -- | -- | হ্যা | ৮ | |
| vii | রেজিস্টার, পাস বই,এবং ব্যাংক একাউন্ট-এর মাধমে আর্থিক ব্যাবস্থাপনা হয় কি না | না | হাল নাগাদ নয় | হালনাগাদ | হাল নাগাদ এবং সঠিক | ৫ | |
| viii | সিআইজির রেজিস্ট্রেশন হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৫ | |
| ix | সদস্যদের মধ্যে সুবিধার সম বন্টন (প্রশিক্ষণ, প্রদর্শনী, সঞ্চয় ইত্যাদি) | না | -- | -- | হ্যা | ৬ | |
| x | মাইক্রোপরিকল্পনা তৈরী/হালনাগাদ এবং বাস্তবায়ন হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৭ | |
| xi | প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস এবং প্রশিক্ষণ গ্রহন হয়েছে কি না | না | -- | -- | হ্যা | ৭ | |
| xii | প্রদর্শনী/প্রশিক্ষণের প্রযুক্তি গ্রহণকারী সিআইজি কৃষক সংখ্যা | ২-৪ | ৫-৭ | ৮-১১ | ১২ এবং এর উপর | ৯ | |
| xiii | প্রযুক্তি গ্রহণকারী নন-সিআইজি কৃষক সংখ্যা | ১৫ জন পর্যন্ত | ১৬-২৫ | ২৬-৩০ | ৩০ জনের বেশী | ৮ | |
| xiv | সিআইজি বেজ লাইন হতে উৎপাদন বৃদ্ধির হার | ২% পর্যন্ত | ৩-৫% | ৬-৮% | ৮% এর বেশী | ৮ | |
| xv | দলভিত্তিক বাজারজাতকরন চালু কি না | না | -- | -- | হ্যা | ৩ | |
| xvi | উৎপাদন প্রক্রিয়ায় সামাজিক ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৪ | |
| মোট প্রাপ্ত নম্বর | | | | | | ১০০ | উপরের সারি গুলোর যোগফল এখানে বসাতে হবে |
| অর্জিত স্কোর= মোট প্রাপ্ত নম্বর/১০০ | | | | | | | |
| প্রাপ্ত গ্রেড= | | | | | | | |
| মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর | | | | | | | |

**Grading- A: Very good(খুব ভাল)** = 4; **B: Good (ভাল)** = 3 to 3.99& above; **C: Average (মধ্যম)** = 2 to 2.99& above; and **D: Poor (মন্দ)** = below 2

**ব্যবহার পদ্ধতিঃ**

১। 'ক' কলামের মন্দ/মধ্যম/ভাল/খুব ভাল কলাম গুলোর যেকোন একটি বেছে নিতে হবে। তারপর খুব ভাল হলে ৪, ভাল হলে ৩, মধ্যম হলে ২ এবং মন্দ হলে ১ এর সাথে সংশ্লিষ্ট 'খ' কলামের নাম্বার গুণ দিয়ে প্রাপ্ত নম্বরের কলামে বসাতে হবে।

২। অর্জিত স্কোর বের করার জন্য মোট প্রাপ্ত নম্বরকে ১০০ দিয়ে ভাগ করতে হবে।

৩। ভাগফল অর্থাৎ স্কোর ৪ হলে 'এ' গ্রেড, ৩-৩.৯৯ হলে 'বি' গ্রেড, ২-২.৯৯ হলে 'সি' গ্রেড এবং ২ এর নিচে হলে তা 'ডি' গ্রেডের সিআইজি বলে গণ্য হবে।

# ব্যালেন্সড স্কোর কার্ড

## ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)

## সিআইজির পারফর্মেন্স মূল্যায়নের জন্য ব্যালেন্স স্কোর কার্ড

সিআইজির তথ্যঃ

i. সিআইজির নাম ----------------------------
iii গঠনের সন -------------
ii. সিআইজির ধরন: শস্য
iv. গ্রাম: -------------
v. ইউনিয়ন: ---------------------------
vi. উপজেলা : -------------
vii. জেলা: -------------
viii. কোড নং: -------------

সিআইজির পারদর্শীতার সূচক (৩০ সদস্য বিশিষ্ট সিআইজির জন্য)

| ক্রমিক নং | পারদর্শিতার সূচক | গ্রেড এবং গ্রেডের একক তুল্যমান (unit weight) (ক) | | | | সূচকের একক তুল্যমান (Unit weight of the indicator) (খ) | প্রাপ্ত নম্বর কXখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | মন্দ<br>১ | মধ্যম<br>২ | ভাল<br>৩ | খুব ভাল<br>৪ | | |
| i | সিআইজির বর্তমান সদস্য সংখ্যা | ১৫ জন পর্যন্ত | ১৬-২০ | ২০-২৫ | ২৫-৩০ | ৫ | যেমনঃ ১৬-২০ জন হলে ২ গুণ ৫= ১০ হবে |
| ii | নীতিমালা অনুসরন করে সিআইজি সদস্য নির্বাচন করা হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৫ | যেমনঃ হ্যা হলে ৪ গুণ ৫= ২০ হবে |
| iii | গত এক বছরে অনুষ্ঠিত সিআইজি সভার সংখ্যা | ৪ টি পর্যন্ত | ৫-৬ | ৭-৯ | ১০ এবং এর উপরে | ৫ | যেমনঃ ৭-৯ হলে ৩ গুণ ৫= ১৫ হবে |
| iv | গত ৬ টি সভায় সিআইজি সদস্যদের গড় উপস্থিতি | ৫ জন পর্যন্ত | ৬-৭ | ৮-৯ | ১০ এবং এর উপরে | ৮ | যেমনঃ ৮-৯ হলে ৩ গুণ ৮= ২৪ হবে |
| v | রেজিস্টারে সভার কার্য বিবরনির রেকর্ড সংরক্ষণ হয় কি না | না | হাল নাগাদ নয় | হালনাগাদ | হাল নাগাদ এবং সঠিক | ৭ | |
| vi | সিআইজির দলিয় সঞ্চয় আছে কি না | না | -- | -- | হ্যা | ৮ | |
| vii | রেজিস্টার, পাস বই,এবং ব্যাংক একাউন্ট-এর মাধমে আর্থিক ব্যাবস্থাপনা হয় কি না | না | হাল নাগাদ নয় | হালনাগাদ | হাল নাগাদ এবং সঠিক | ৫ | |
| viii | সিআইজির রেজিস্ট্রেশন হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৫ | |
| ix | সদস্যদের মধ্যে সুবিধার সম বন্টন (প্রশিক্ষণ, প্রদশনী, সঞ্চয় ইত্যাদি) | না | -- | -- | হ্যা | ৬ | |
| x | মাইক্রোপরিকল্পনা তৈরী/হালনাগাদ এবং বাস্তবায়ন হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৭ | |
| xi | প্রদশনী স্থাপন, মাঠ দিবস এবং প্রশিক্ষণ গ্রহন হয়েছে কি না | না | -- | -- | হ্যা | ৭ | |
| xii | প্রদশনী/প্রশিক্ষণের প্রযুক্তি গ্রহণকারী সিআইজি কৃষক সংখ্যা | ২-৪ | ৫-৭ | ৮-১১ | ১২ এবং এর উপরে | ৯ | |
| xiii | প্রযুক্তি গ্রহণকারী নন-সিআইজি কৃষক সংখ্যা | ১৫ জন পর্যন্ত | ১৬-২৫ | ২৬-৩০ | ৩০ এর উপরে | ৮ | |
| xiv | সিআইজি বেজ লাইন হতে উৎপাদন বৃদ্ধির হার | ২% পর্যন্ত | ৩-৫% | ৬-৮% | ৮% এর উপরে | ৮ | |
| xv | দলভিত্তিক বাজারজাতকরন চালু কি না | না | -- | -- | হ্যা | ৩ | |
| xvi | উৎপাদন প্রক্রিয়ায় সামাজিক ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে কিনা | না | -- | -- | হ্যা | ৪ | |
| মোট প্রাপ্ত নম্বর | | | | | | ১০০ | উপরের সারি গুলোর যোগফল এখানে বসাতে হবে |
| অর্জিত স্কোর= মোট প্রাপ্ত নম্বর/১০০ | | | | | | | |
| প্রাপ্ত গ্রেড= | | | | | | | |
| মূল্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষর | | | | | | | |

**Grading- A: Very good (খুব ভাল)** = 4; **B: Good (ভাল)** = 3 to 3.99& above; **C: Average (মধ্যম)** = 2 to 2.99 & above; and **D: Poor (মন্দ)** = below 2

**ব্যবহার পদ্ধতিঃ**

১। 'ক' কলামের মন্দ/মধ্যম/ভাল/খুব ভাল কলাম গুলোর যেকোন একটি বেছে নিতে হবে। তারপর খুব ভাল হলে ৪, ভাল হলে ৩, মধ্যম হলে ২ এবং মন্দ হলে ১ এর সাথে সংশ্লিষ্ট 'খ' কলামের নাম্বার গুণ দিয়ে প্রাপ্ত নম্বরের কলামে বসাতে হবে।

২। অর্জিত স্কোর বের করার জন্য মোট প্রাপ্ত নম্বরকে ১০০ দিয়ে ভাগ করতে হবে।

৩। ভাগফল অর্থাৎ স্কোর ৪ হলে 'এ' গ্রেড, ৩-৩.৯৯ হলে 'বি' গ্রেড, ২-২.৯৯ হলে 'সি' গ্রেড এবং ২ এর নিচে হলে তা 'ডি' গ্রেডের সিআইজি বলে গণ্য হবে।

# সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড
# ব্যবহার গাইডলাইন

### ব্যালেন্স স্কোর কার্ড কি?

ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের মাধ্যমে একটি দল/বা সংগঠনের পারদর্শীতা নিরুপন করা হয়। সংগঠনের বিভিন্ন দিক বিবেচনার জন্য সূচক বা নির্দেশক (Indicator) নির্বাচন করে প্রত্যেকটি সূচকের গুণ বিচারপূর্বক ভারসাম্য রক্ষা করে স্কোর বা নম্বর প্রদান করা হয়। শেষে, সকল সূচকের অর্জিত নম্বর বা স্কোর যোগ করে মোট যোগফলকে পছন্দমতো একটি গ্রেডিং স্কেলে ফেলে দল/বা সংগঠনের পারদর্শীতা গ্রেড/মান নিরুপন করা হয়। এখানে ভারসাম্য রক্ষা করার জন্য সুচকের একক তূল্যমান পূর্বেই স্থির করে নিতে হয়। এই তূল্যমান ব্যবহার করে সূচকের প্রাপ্ত স্কোর বা নম্বর বের করা হয়।

### সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড কি?

এনএটিপি-১ প্রজেক্ট কোঅর্ডিনেশন ইউনিট (পিসিইউ) কর্তৃক প্রণীত যে পদ্ধতিতে সিআইজির পারদর্শীতা নিরুপণ করা হয়েছে তাকেই সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড বলা হয়। ইংরেজীতে প্রণীত সিআইজি ব্যালেন্স স্কোর কার্ডটি বাংলায় রূপান্তর করে এনএটিপি ২ প্রজেক্ট এ ডিএই কম্পোনেন্টের মাঠ পর্যায়ে সহজে ব্যবহারের জন্য এখানে সংযোজিত করা হয়েছে।

### সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের উদ্দেশ্য

সিআইজিকে একটি কার্যকর এবং স্থায়ী সংগঠন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত দলটির পারদর্শীতার স্তর নিরুপন করে তার দুর্বলতা কাটিয়ে ওঠার দিক নির্দেশণা দিয়ে অধিকতর সক্ষম ও গতিশীল সংগঠন হিসেবে গড়ে তোলাই ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের মূল উদ্দেশ্য।

### সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের প্রস্তুতি

সিআইজি পারদর্শীতা নিরুপণ করার পূর্বে মূল্যায়নকারীকে নিম্নলিখিত বিষয়গুলো গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।

- সিআইজি গাইডলাইন অনুযায়ী সিআইজি গঠন প্রণালী ও কার্যাবলী সম্পর্কে পরিষ্কার ধারনা অর্জন করা ;
- সকল সিআইজির বেলায় নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী পোষণ করা ও সামঞ্জস্যপূর্ণ বিচার বিবেচনা করার নীতিতে অটল থাকা;
- সিআইজি পরিদর্শণ/বা মূল্যায়নের প্রাক্কালে সংশ্লিষ্ট সকলের সাথে সহজ-স্বাভাবিক আচরণ করা এবং অভিষ্ট সিআইজি সদস্যদেরকে সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের মাধ্যমে পারদর্শীতা নিরুপণের উদ্দেশ্যে পরিষ্কার ধারনা দেওয়া;
- সিআইজি সদস্যদের সাথে অংশগ্রহণমূলক আলাপ-আলোচনার মাধ্যমে প্রশ্নের উত্তর জেনে নেয়ার মনোভাব পোষণ করা;
- প্রশ্ন বা আলোচনা উত্থাপনের ক্ষেত্রে নির্দেশণামূলক কৌশল থেকে বিরত থাকা;
- সিআইজি ব্যালেন্স স্কোর কার্ডের প্রতিটি বিষয়, সূচক এবং নম্বর প্রদানের পদ্ধতি সম্পর্কে পরিষ্কার ধারনা অর্জন করা; এবং
- স্কোর বা নম্বর প্রদানের পূর্বেই সিআইজির নথি-পত্র অত্যন্ত ধৈর্য্য ও মনোযোগ সহকারে নিরীক্ষণ করে নেওয়া

### সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ব্যবহারের পদ্ধতি

### ব্যবহার পদ্ধতিঃ

১। সংযুক্তি-১ এর 'ক' কলামের মন্দ/মধ্যম/ভাল/খুব ভাল কলাম গুলোর যেকোন একটি বেছে নিতে হবে। তারপর খুব ভাল হলে ৪, ভাল হলে ৩, মধ্যম হলে ২ এবং মন্দ হলে ১ এর সাথে সংশ্লিষ্ট 'খ' কলামের নাম্বার গুণ দিয়ে প্রাপ্ত নম্বরের কলামে বসাতে হবে।

২। অর্জিত স্কোর বের করার জন্য মোট প্রাপ্ত নম্বরকে ১০০ দিয়ে ভাগ করতে হবে।

৩। ভাগফল অর্থাৎ স্কোর ৪ হলে 'এ' গ্রেড, ৩-৩.৯৯ হলে 'বি' গ্রেড, ২-২.৯৯ হলে 'সি' গ্রেড এবং ২ এর নিচে হলে তা 'ডি' গ্রেডের সিআইজি বলে গণ্য হবে।

### পূরণকৃত সকল ছকপত্রে ফলাফল টেবুলেশন

ইউনিয়নের প্রতিটি সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড (সংযুক্তি-১) পূরণ হওয়ার সাথে সাথে সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ছকপত্রের উল্লেখিত সূচক এবং মোট প্রাপ্ত নম্বর, মোট অর্জিত নম্বর ও অর্জিত গ্রেডের বিষয়গুলো ধারাবাহিকভাবে সাজানো আছে। এখন প্রতিটি সারিতে সিআইজির নাম, পাড়া/মহলা লেখার পর ১ নং কলাম হতে ১৬ নং কলামের ঘরগুলোতে ধারাবাহিকভাবে সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ছকপত্রের **"প্রাপ্ত নম্বর"** ফলাফলগুলো লিখতে হবে। এইভাবে, প্রতিটি সিআইজির স্কোর পর পর সারিগুলোতে লিখতে হবে।

### সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড কতদিন পরপর কে পূরণ করবেন?

ইউএফটি সদস্য হিসাবে সংশ্লিষ্ট এসএএও তাঁর কর্ম এলাকায় সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ছকপত্র পূরণ করবেন এবং ছয় মাসে একবার করে ইউনিয়নের প্রতিটি সিআইজির পারদর্শীতা নিরুপন করবেন। পূরণকৃত সকল ছকপত্রগুলোর ফলাফল ইউনিয়ন ভিত্তিক টেবুলেশন ছক (সংযুক্তি-৩) পূরণ করে প্রতি ছয় মাসের শেষ সপ্তাহের মধ্যে ইউআরটি সদস্য সচিব (AEO) এর নিকট জমা দিবেন।

### রিপোর্ট প্রস্তুত ও প্রেরণ

AEO সকল ইউনিয়নের টেবুলেশন শিট যাচাই করে উপজেলার সিআইজিসমূহের পারদর্শীতার সারসংক্ষেপ হিসাবে ছক অনুযায়ী (সংযুক্তি-৪) চুড়ান্ত রিপোর্ট প্রস্তুত করবেন এবং উপজেলা কৃষি অফিসারের নিকট উপস্থাপন করবেন। উপজেলা কৃষি অফিসার, পরিচালক, এনএটিপি-২, ডিএই এবং ডিডি, ডিএই বরাবর প্রতি ছয় মাসের শেষে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে কপি প্রেরণ করবেন।

### রিপোর্ট মোতাবেক ব্যবস্থা গ্রহন

রিপোর্ট বিশ্লেষণ করে সিআইজিসমূহের দূর্বলতাসমুহ দূর করে আরও উন্নত করার লক্ষ্যে সকল পর্যায়ের সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করবেন।

# ইউনিয়ন ভিত্তিক সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড টেবুলেশন ছকপত্র

ইউনিয়নঃ .........................................; উপজেলাঃ.........................................; জেলাঃ.................................

সিআইজি পারদর্শীতা মূল্যায়নের সময়কাল ঃ ১ম/২য় ষান্মাসিক বৎসরঃ ২০১৭-১৮/..............................

| ক | খ | গ | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ডে উল্লেখিত সূচক সমূহ | | | | | | | | | | | | | | | | | | |
| ক্রমিক নং | সিআইজির নাম | পাড়া/মহলার নাম | সিআইজির বর্তমান সদস্য সংখ্যা | নীতিমালা অনুসরন করে সিআইজি সদস্য নির্বাচন করা হয়েছে কিনা | গত এক বছরে অনুষ্ঠিত সিআইজি সভার সংখ্যা | গত ৬ টি সভায় সিআইজি সদস্যদের গড় উপস্থিতি | রেজিস্টারে সভার কার্য বিবরনির রেকর্ড সংরক্ষণ হয় কি না | সিআইজির দলিয় সঞ্চয় আছে কি না | রেজিস্টার, পাস বই,এবং ব্যাংক একাউন্ট-এর মাধমে আর্থিক ব্যাবস্থাপনা হয় কি না | সিআইজির রেজিস্ট্রেশন হয়েছে কিনা | সদস্যদের মধ্যে সুবিধার সম বন্টন (প্রশিক্ষণ, প্রদর্শনী, সঞ্চয় ইত্যাদি) | মাইক্রোপরিকল্পনা তৈরী/হালনাগাদ এবং বাস্তবায়ন হয়েছে কিনা | প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস এবং প্রশিক্ষণ গ্রহন হয়েছে কি না | প্রদর্শনী/প্রশিক্ষণের প্রযুক্তি গ্রহণকারী সিআইজি কৃষক সংখ্য | প্রযুক্তি গ্রহণকারী নন সিআইজি কৃষক সংখ্যা | সিআইজি বেজ লাইন হতে উৎপাদন বৃদ্ধির হার | দলভিত্তিক বাজারজাত করন চালু কি না | উৎপাদন প্রক্রিয়ায় সামাজিক ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে কিনা | মোট প্রাপ্ত নম্বর | অর্জিত স্কোর (মোট প্রাপ্ত নম্বর ÷ ১০০) | অর্জিত গ্রেড |
| | | | প্রতিটি সূচকের প্রাপ্ত নম্বর (সিআইজি ব্যালেন্স স্কোর কার্ড ছকপত্রের "প্রাপ্ত নম্বর" কলাম হতে নম্বর বসাতে হবে) | | | | | | | | | | | | | | | | | | |
| ১. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯. | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০. | | | | | | | | | | | | | | | | | | | | | |

স্বাক্ষরঃ

এসএএও এর নাম ঃ (-----------------------------)

বিশেষ দ্রষ্টব্যঃ প্রতি ষান্মাসিক এর শেষে ১ সপ্তাহের মধ্যে উপজেলায় ইউআরটি সদস্য সচিব (AEO) এর নিকট জমা দিবেন

সংযুক্তি-৪

## সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড মোতাবেক

উপজেলাভূক্ত সিআইজি (ফসল) সমূহের পারদর্শীতার প্রতিবেদন ছকপত্র

উপজেলাঃ ...................................... ; জেলাঃ .............................

**সিআইজি ব্যালেন্সড স্কোর কার্ড পূরণের সময়কালঃ ১ম ষান্মাসিক (জুলাই-ডিসেম্বর); ২য় ষান্মাসিক (জানুয়ারী-জুন)**

**বৎসরঃ ২০১৬-১৭/২০১৭-১৮/.............................**

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | প্রাপ্ত গ্রেড (সিআইজি সংখ্যা) | | | | মোট সিআইজি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | A = খুব ভাল | B = ভাল | C = মধ্যম | D = ভাল নয় | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

স্বাক্ষরঃ

উপজেলা কৃষি কর্মকর্তানাম ঃ

(----------------------------)

বিশেষ দ্রষ্টব্যঃ প্রতি ষান্মাসিক পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পরিচালক, এনএটিপি-২, ডিএই এবং ডিডি, ডিএই বরাবর কপি প্রেরণ করবেন।